**Series : WXYZ/S**

**SET ~ 4**

Roll No.

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

**Q.P. Code 5/S**

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

# বাংলা

# BENGALI

*নির্ধারিত সময় : 3 ঘন্টা*

*Time allowed : **3** hours*

*সর্বাধিক নম্বর : **80***

*Maximum Marks : **80***

| **দ্রষ্টব্য / NOTE** | # |
|---|---|
| (I) | প্রশ্ন-পত্রটিতে **19** টি মুদ্রিত পৃষ্ঠা আছে কিনা যাচাই করে নাও । Please check that this question paper contains **19** printed pages. |
| (II) | পরীক্ষার্থী প্রশ্ন-পত্রের ডান দিকে প্রদত্ত প্রশ্ন-পত্রের কোডটি উত্তর-পুস্তিকার নাম-পত্রে লিখবে । Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate. |
| (III) | প্রশ্ন-পত্রটিতে **17** টি প্রশ্ন আছে কিনা যাচাই করে নাও । Please check that this question paper contains **17** questions. |
| (IV) | **প্রশ্নের উত্তর লেখা শুরু করার আগে উত্তর-পুস্তিকার প্রশ্নের ক্রমিক সংখ্যাটি অবশ্যই লিখবে । Please write down the Serial Number of the question in the answer-book at the given place before attempting it.** |
| (V) | প্রশ্ন-পত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হয়েছে । সকাল 10.15 মিনিটে প্রশ্ন-পত্র বিতরণ করা হবে । 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত শিক্ষার্থীরা কেবল প্রশ্ন-পত্রটি পড়বে এবং এই সময়ের মধ্যে উত্তর-পুস্তিকার কোনো উত্তর লিখবে না । 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period. |

***General Instructions :***

***সাধারণ নির্দেশ :***

1. This question paper contains **19** printed pages.

   প্রশ্নপত্রে **১৯টি** মুদ্রিত পৃষ্ঠা আছে।

2. This question paper contains **17** questions.

   প্রশ্নপত্রে **১৭টি** প্রশ্ন আছে।

3. This question paper is divided into **two** parts.

   প্রশ্নপত্রটি **দুটি** ভাগে বিভক্ত।

| | | | |
|---|---|---|---|
| **PART – A** | : | Objective type questions (MCQ) | : **25 Marks** |
| **ভাগ – A** | : | বস্তুনিষ্ঠ শ্রেণির প্রশ্ন (নির্বাচনমূলক) | : **২৫ নম্বর** |
| **PART – B** | : | Descriptive type questions | : **55 Marks** |
| **ভাগ – B** | : | বর্ণনামূলক প্রশ্ন | : **৫৫ নম্বর** |

4. **Part – A** has **three** sections :

   **ভাগ – A**-এ **তিনটি** বিভাগ বর্তমান :

| | | | |
|---|---|---|---|
| **Section – A** | : | Reading (Unseen Comprehension) | : **10 Marks** |
| **বিভাগ – A** | : | পঠন (অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ) | : **১০ নম্বর** |
| **Section – B** | : | Grammar | : **05 Marks** |
| **বিভাগ – B** | : | ব্যাকরণ | : **০৫ নম্বর** |
| **Section – C** | : | Main Course Book | : **10 Marks** |
| **বিভাগ – C** | : | মূল পাঠ্যপুস্তক | : **১০ নম্বর** |

5. **Part – B** has **three** sections :

   **ভাগ – B**-এ **তিনটি** বিভাগ বর্তমান :

| | | | |
|---|---|---|---|
| **Section – A** | : | Grammar | : **8 Marks** |
| **বিভাগ – A** | : | ব্যাকরণ | : **৮ নম্বর** |
| **Section – B** | : | Supplementary Reader/Non-detailed Text | : **35 Marks** |
| **বিভাগ – B** | : | সহায়ক পাঠ/অ-বিস্তারিত পাঠ্য | : **৩৫ নম্বর** |
| **Section – C** | : | Creative Writing | : **12 Marks** |
| **বিভাগ – C** | : | সৃজনাত্মক লিখন | : **১২ নম্বর** |

**PART – A : Objective Type Questions (MCQ) (25 marks)**

**SECTION – A : (Reading – Unseen Comprehension)**

1. নীচের গদ্যাংশ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো : *2(1×5)=10*

(A) 'মানুষ অমিতাচারী, যতদিন সে অরণ্যচর ছিল ততদিন অরণ্যের সঙ্গে পরিপূর্ণ ছিল তার আদান প্রদান; ক্রমে সে যখন নগরবাসী হল তখন সেই তরুলতাকে নির্মমভাবে নির্বিচারে আক্রমণ করল ইট কাঠের বাসস্থান তৈরি করবার জন্য । আজকে ভারতবর্ষের উত্তর অংশ তরু বিরল হওয়াতে সে অঞ্চলে গ্রীষ্মের উৎপাত অসহ্য হয়েছে । অথচ পুরাণ-পাঠক মাত্রই জানেন যে এককালে এই অঞ্চল ঋষিদের অধ্যুষিত মহারণ্যপূর্ণ ছিল, উত্তর ভারতের এই অংশে এককালে ছায়া শীতল সুরম্য বাসস্থান ছিল । মানুষ প্রকৃতির দানকে গ্রহণ করেছে, প্রকৃতির সহজ দানে কুলোয়নি, তাই সে নির্মমভাবে বনকে নির্মূল করেছে । তার পরে আবার মরুভূমিকে ফিরিয়ে আনবার উদ্যোগ হয়েছে । ভূমির ক্রমিক ক্ষয়ে এই যে বোলপুরের ডাঙার কঙ্কাল বেরিয়ে পড়েছে, বিনাশ অগ্রসর হয়ে এসেছে – এক সময় এর এমন দশা ছিল না, এখানে ছিল অরণ্য, সে পৃথিবীকে রক্ষা করেছে ধ্বংসের হাত থেকে । তার ফলমূল খেয়ে মানুষ বেঁচেছে । সেই অরণ্য নষ্ট হওয়ায় এখন বিপদ আসন্ন । সে বিপদ থেকে রক্ষা পেতে হলে আবার আমাদের আহ্বান করতে হবে সেই বরদাত্রী বনলক্ষ্মীকে-আবার তিনি রক্ষা করুন এই ভূমিকে, দিন তার ফল, দিন তার ছায়া ।'

(i) মানুষকে অমিতাচারী বলা হয়েছে কেন ?

(A) নগরবাসী হওয়ার পর থেকে সে তরুলতাকে নির্মমভাবে আক্রমণ করল

(B) যতদিন সে অরণ্যচর ছিল ততদিন সে প্রকৃতি ভালোবাসত

(C) মানুষ নিজের ভালো খুব ভালো বুঝতে পারে

(D) মানুষ প্রকৃতির দান আনন্দের সঙ্গে গ্রহণ করেছে

(ii) মানুষ কীভাবে নিজের জীবনে অভিসম্পাত ডেকে এনেছে ?

(A) অরণ্য অতিরিক্ত হওয়াতে মানুষের জীবনে নানা সমস্যা ও সংকট ঘনিয়ে এল

(B) মানুষ অরণ্যের প্রাণী ধ্বংস করে অভিসম্পাত ডেকে এনেছে

(C) দেশ তরু বিরল হওয়াতে মানুষের জীবনে নানা সমস্যা ও সংকট ঘনিয়ে এল

(D) অতিরিক্ত মানুষ হওয়ায় নানা সমস্যা ও সংকট ঘনিয়ে এল

(iii) ভারতের উত্তর অংশ আগে কেমন ছিল ?

(A) বসবাসের অযোগ্য

(B) অজস্র ইট কাঠের বাসস্থানপূর্ণ

(C) গভীর সব জলাশয় পূর্ণ

(D) ছায়া শীতল বাসযোগ্য

(iv) মন্তব্য দুটি বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণ যোগ্য ?

মন্তব্য (ক) : পৃথিবীকে ধ্বংসের হাত থেকে রক্ষা পেতে হলে আমাদের আবার আহ্বান করতে হবে সেই বনলক্ষ্মীকে ।

মন্তব্য (খ) : পৃথিবীকে ধ্বংসের হাত তেকে রক্ষা করার জন্য বনলক্ষ্মীকে ডেকে আনলে তিনি তাঁর ফল, ছায়া দেবেন ।

(A) মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল ।

(B) মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক ।

(C) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) – দুটোই ঠিক ।

(D) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) – দুটোই ভুল ।

(v) 'পেলাম' ক্রিয়াপদটির সাধুরূপ হবে –

(A) পাইয়া গিয়াছিলাম

(B) পাইয়া ছিলাম

(C) পাইলাম

(D) পাইতেছিলাম

(B) 'আর, একজন-কোনো গোয়েন্দা নয়, গোটা একটা সিরিজ বাছাই করতে হলে আমাদের অনেকেরই ঝোঁক কাঞ্চনজঙঘা সিরিজে । সিরিজের নাম যদি কাঞ্চনজঙঘা, তাহলেই তো অধিক জয় । উপরন্তু, একই মাপের আট আনা দামের এই সিরিজে বইগুলো লিখেছেন কারা ? লিখেছেন বিভূতিভূষণ তারাশঙ্কর শৈলজানন্দ অচিন্ত্য প্রেমেন্দ্র বুদ্ধদেব ! হয়তো লজ্জারই কথা, কিন্তু সত্যি কথাও যে, আধুনিক অভিধায় পরিচিত এইসব লেখকের সঙ্গে আমার প্রথম দেখাশোনা হলো ওই ডিটেকটিভ গল্পগুলিতেই, এঁদের বা এঁদের সহচর হেমেন্দ্র কুমার, নীহাররঞ্জন, নৃপেন্দ্রকৃষ্ণ, সৌরীন্দ্রমোহন বা প্রভাবতী দেবী সরস্বতীর সঙ্গেও । সিরিজের প্রথম বইটাই কি ছিল হেমেন্দ্র কুমারের 'অন্ধকারের বন্ধু' ? প্রথম না দ্বিতীয় ? সে যাই হোক, প্রথম থেকে শুরু করে সবখানা কাঞ্চনজঙঘা পড়ে ফেলেছি বলতে পারা তখন বেশ জাঁকের ব্যাপারই ছিল । ও সব সাহিত্যিক নামের মহিমা অবশ্য বুঝিনি তেমন, তখন । ভাবিনি তার মৌলিকতার পরিমাণ নিয়েও । লীলা মজুমদার লিখেছেন পরে : 'আমরা যত ডিটেকটিভ গল্প পড়ি তার শতকরা নিরানব্বইটি বিদেশি রচনা । শততমও হয়তো প্রভাবিত, কিন্তু এই প্রভাবে গল্পের মৌলিকত্বের হানি হয়না । প্রভাবিত হলেও মৌলিকত্বের হানি হয় কি হয় না, সেসব কী করে বুঝব তখন ? বুঝতাম তবু, আর পাঁচটা বইয়ের

থেকে বেশ আলাদা এর ভাষা, মোহন-সিরিজের 'ভয়াতুরা কপোতী আমার' – এরমত ভয়ঙ্কর সংলাপের চেয়ে অনেক স্বতন্ত্র বিভূতিভূষণের 'মিসমিদের কবচ' বা বুদ্ধদেব বসুর 'ভূতের মত অদ্ভুত' বা 'ছায়া কালো কালো' । ছায়া কালো কালো ? চেনা-চেনা নাম নয় ? হ্যাঁ, ওর মধ্যে তো লুকোনো আছে একটুখানি রবীন্দ্রনাথ । থাকবেই, লেখক যখন বুদ্ধদেব । 'শিশু'র কবিতায় পড়েছি আমরা 'মনে পড়ে ঘরের কোণে মিটিমিটি আলো/একটা দিকের দেয়ালেতে ছায়া কালো কালো' । সেই কালো ছায়া ! একটা দেয়াল থেকে সে-ছায়া এখন ছড়িয়ে গেছে আমাদের সব দেয়ালে ।

হ্যাঁ, কিরীটী রায় পছন্দ হবার আরো একটা কারণ এখন মনে পড়েছে আমার । একটা গল্পে ছিল ('আঁধার পথের যাত্রী' ?) এক নিঃঝুম অন্ধকার পথ, কে যেন মাঝে মাঝে সেখানে গান গেয়ে ফেরে গভীর রাতে, দূর থেকে শোনা যায় সেই গান 'আঁধার রাতে একলা পাগল যায় কেঁদে/বলে শুধু বুঝিয়ে দে বুঝিয়ে দে' ! ওই কাহিনী পড়বার এত দীর্ঘকাল পরেও এ-গানটার সুর সবসময়েই তার সঙ্গে বয়ে আনে সেই নিঝুম নিরালা পথ, সেই রহস্যের আমেজ, সেই গল্পটার কোন্ এক অগোচর মানুষের কোথায় কোন্ দূরে কেবলই চলে চলে যাওয়া । কিরীটী তাই ভালো না হয়ে কি পারে ?'

(i) লেখক কথিত কাঞ্চনজঙঘা সিরিজের গল্পগুলি ছিল

(A) গোয়েন্দা গল্প

(B) রোমান্টিক গল্প

(C) ট্রাজেডি গল্প

(D) প্রকৃতি বিষয়ক গল্প

#

(ii) ''আধুনিক অভিধায় পরিচিত এই সব লেখক'' বলতে কী বুঝিয়েছেন ?

(A) যাঁরা রামায়ণ মহাভারতের মতো মহাকাব্য লেখেন

(B) যাঁরা সাম্প্রতিক ও নতুন ভাবনা চিন্তা নিয়ে লেখেন

(C) যাঁরা বাউল সঙ্গীত ও তত্ত্ব নিয়ে লেখেন

(D) যাঁরা রূপকথা নিয়ে লেখেন

(iii) মন্তব্য দুটি বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে ঠিক/ভুল নির্ণয় করো।

মন্তব্য (ক) : লীলা মজুমদার লিখেছেন পরে, আমরা যত ডিটেকটিভ গল্প পড়ি তার শতকরা নিরানব্বইটি বিদেশি রচনা।

মন্তব্য (খ) : লীলা মজুমদার লিখেছেন পরে, বিদেশি রচনার প্রভাব থাকলেও আমাদের ডিটেকটিভ গল্পগুলির মৌলিকত্বের হানি হয় না।

(A) মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল।

(B) মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক।

(C) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) – দুটোই ঠিক।

(D) মন্তব্য (ক) ও মন্তব্য (খ) – দুটোই ভুল।

(iv) ''ওর মধ্যে লুকোনো আছে একটুখানি রবীন্দ্রনাথ'' – কোন প্রসঙ্গে লেখক কথাটি বলেছেন ?

(A) গোয়েন্দা কিরীটী রায়ের গল্পে নিঝুম নিরালা পথের বর্ণনা

(B) বুদ্ধদেব বসুর ''ছায়া কালো কালো'' রচনার রচনা-নাম

(C) লীলা মজুমদারের গোয়েন্দা গল্প

(D) প্রভাবতী দেবী সরস্বতীর রহস্য গল্প

(v) 'অগোচর' শব্দটির বিপরীতার্থক শব্দটি হল

(A) গোচর

(B) গোচারণভূমি

(C) অজান্তে

(D) নিঃশব্দে

**SECTION – B : (Grammar)**

**2.** যে কোনো পাঁচটি বাগধারা/প্রবাদের সঠিক উত্তর বেছে লেখো : (MCQ) *5×1=5*

(i) কোন বাক্যে 'অকালকুষ্মান্ড' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(A) আকাশ থেকে পড়লে দেখছি, অকালকুষ্মান্ড নাকি !

(B) পুরো মাস ধরে সামান্য এই কাজটি করে উঠতে পারলে না এমনই অকালকুষ্মান্ড তুমি !

(C) ওকে সাহায্যের দরকার নেই, ও একাই অকালকুষ্মান্ড !

(D) অসময়ের কুমড়ো নিয়ে চলে এলে, এতো অকালকুষ্মান্ড !

(ii) 'মুহূর্তে ভেঙে যাওয়া' বোঝাতে কোন বাগধারাটির প্রয়োগ করা হয় ?

(A) তাসের ঘর

(B) রাঘব বোয়াল

(C) ভস্মে ঘি ঢালা

(D) অমাবস্যার চাঁদ

(iii) কোন বাক্যে 'চাঁদের হাট' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(A) তাকে কেউ চায়না কিন্তু সে মাতব্বরি করবেই, এই কারণে চাঁদের হাট বসিয়ে দিল ।

(B) আমার অবস্থা দেখে ওদের ঈর্ষা হচ্ছে, যেন চাঁদের হাট দেখা ।

(C) চাঁদে গিয়ে হাট বসানো এক অলীক কল্পনা ।

(D) সীমার জন্মদিনে জ্ঞানীগুণী মানুষের সমাবেশে যেন চাঁদের হাট বসেছিল ।

(iv) 'ঐক্যবদ্ধভাবে কাজ করলে সাফল্য আসে' বোঝাতে কোন প্রবাদের প্রয়োগ করা হয় ?

(A) ঢেঁকি স্বর্গে গিয়ে ধান ভানে

(B) ধরি মাছ না ছুঁই পানি

(C) দশে মিলি করি কাজ হারি জিতি নাহি লাজ

(D) দশচক্রে ভগবান ভূত

(v) স্বার্থপর মানুষের কাছে অন্যায়ের প্রতিকার আশা করা __________ আর কি !

(A) সুখের পায়রা

(B) অরণ্যে রোদন

(C) হাতের লক্ষ্মী পায়ে ঠেলা

(D) উভয় সংকট

(vi) যাকে সহজে দেখা যায়না-বোঝাতে কোন বাগধারাটির প্রয়োগ করা হয় ?

(A) আঠারো মাসে বছর

(B) অন্ধের যষ্টি

(C) অমাবস্যার চাঁদ

(D) তীর্থের কাক

(vii) 'মুখে মধু অন্তরে বিষ' বোঝাতে কোন বাগধারাটির প্রয়োগ করা হয় ?

(A) ছাইচাপা আগুন

(B) কূপমন্ডুক

(C) গভীর জলের মাছ

(D) মিছরির ছুরি

(viii) কোন বাক্যে হাতের লক্ষ্মী পায়ে ঠেলা প্রবাদটির সঠিক প্রয়োগ হয়েছে ?

(A) এতো বড়ো সুযোগ কাজে লাগাতে পারলে না, এ তো হাতের লক্ষ্মী পায়ে ঠেলা ।

(B) হাতের লক্ষ্মী পায়ে ঠেললে, এখন আর অঙ্ক কষে কী হবে ?

(C) নিজে অন্যায় করে আবার অন্যের সমালোচনা করছ এ তো হাতের লক্ষ্মী পায়ে ঠেলা ।

(D) রোজগার করতে না করতে বাড়ি তৈরির চিন্তা করছ, এবারে হাতের লক্ষ্মী পায়ে ঠেলতে পারবে না ।

**SECTION – C : (Main Course Book)**

**3.** পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির ঠিক উত্তরটি বেছে লেখো । (যে কোনো ***পাঁচটি***) (MCQ) *5×1=5*

(i) ''বাঃ বুঢঢা । আচ্ছাহি কিয়া ।'' এই 'বুঢঢা' হলেন –

(A) রজনীকান্ত চট্টোপাধ্যায়

(B) রামব্রীজ

(C) কালীনাথ সেন

(D) লেখক

(ii) থিয়েটারের মঞ্চটি ফাঁকা ছিল কারণ –

(A) সেদিন অভিনয় ছিলনা

(B) অভিনয় তখনও শুরু হয়নি

(C) সবাই অভিনয় শেষে চলে গিয়েছিল

(D) রজনীবাবু একা থাকতে চান

(iii) মন্তব্য : ''পাবলিক তো আপনাকে ভালোবাসে চাটুজ্জে মশাই''

কারণ (ক) : থিয়েটারের দর্শক অভিনেতা রজনীকান্তকে এত পছন্দ করে যে পরিবারের লোকে মনে করে।

কারণ (খ) : দর্শকরা অভিনেতা রজনীকান্তর অভিনয়ের গুণমুগ্ধ।

মন্তব্যের প্রেক্ষিতে ঠিক/ভুল নির্ণয় করো :

(A) কারণ (ক) ঠিক, (খ) ভুল।

(B) কারণ (ক) ভুল, (খ) ঠিক।

(C) কারণ (ক) এবং (খ) – দুটোই ঠিক।

(D) কারণ (ক) এবং (খ) – দুটোই ভুল।

(iv) 'কেমন করে ফুরিয়ে গেল, শেষ হয়ে গেল জীবনের সব ভালো ভালো দিন গুলো' উক্তিটির মধ্যে দিয়ে প্রকাশ পেয়েছে রজনীকান্তর –

(A) অভিনয়-জীবন বিষয়ক হতাশা

(B) প্রেম জীবনের ব্যর্থতা

(C) অর্থ না থাকা

(D) অসুখে ভোগার যন্ত্রণা

(v) 'নানা রঙের দিন' নাটকে ঔরঙ্গজীব কোন প্রসঙ্গে 'রাজনীতি বড়ো কূট' কথাটি বলেছেন ?

(A) ভাই সুজাকে বোঝাচ্ছিলেন কেন তিনি তাঁর পিতা সাজাহানকে বন্দি করেছেন।

(B) পুত্র মহম্মদকে বোঝাচ্ছিলেন রাজনীতিতে কোনো সম্পর্ক বজায় থাকে না।

(C) বক্তিয়ারকে রাজ্য পরিচালনা বিষয়ে।

(D) পিয়ারা বানুকে রাজনীতিতে ধর্মের নামে বিশ্বাসঘাতকতার প্রচলন প্রসঙ্গে।

(vi) "সিংহ শিশু সনে করিবারে মল্লরণ" কোন নাটকের অংশ ?

(A) সাজাহান

(B) ওথেলো

(C) রিজিয়া

(D) রিচার্ড দ্য থার্ড

**4.** পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো । (যে কোনো ***পাঁচটি***) *5×1=5*

(i) "এখনো চৈতননগরে হিঙুলকোণায় গেলে – বংশধরদের মুখে বিদ্রোহের গল্প শোনো যায় ।"

(A) হাজংদের

(B) গোরাচাঁদ মাস্টারের

(C) আমুতো মোড়লের

(D) গারোদের

(ii) পাতালপুরীর রাজত্বে যারা বারুদের আওয়াজ করে কয়লা 'গিরিয়ে' দেয় তাদের বলে –

(A) মালকাটা

(B) শর্ট ফায়ারার

(C) কাঠমিস্ত্রি

(D) বেলিং খালাসি

(iii) গারো পাহাড় অঞ্চলের ফসলের সমাহার সত্ত্বেও সেখানকার মানুষের মনে কোনো শান্তি ছিল না, কারণ জমিদার রূপী দুষ্টু শনি আশেপাশে লুকিয়ে থাকত –

(A) মন্তব্যটি সঠিক হলেও কারণটি ভুল

(B) মন্তব্য এবং কারণ দুটোই ভুল

(C) মন্তব্যটি ভুল হলেও কারণটি সঠিক

(D) মন্তব্য এবং কারণ দুটোই সঠিক

(iv) 'শেষ পর্যন্ত জমিদারের পল্টনের হাতে প্রজাদের হার হল'
এই ঘটনার পর কী ঘটল ?

(A) জমিদার অন্যায় প্রথা তুলে দিলেন

(B) প্রজারা আত্ম সমর্পণ করল

(C) জমিদার প্রজাদের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ করলেন

(D) প্রজারা পরবর্তী বিদ্রোহের প্রস্তুতি শুরু করল

(v) ''যখন ওপরে এলাম, সকাল হতে বেশি দেরি নেই। মনে হল দু ঘন্টার জন্যে নরকবাস করে এলাম'' এখানে লেখক 'নরকবাস' বলতে কোথায় থাকার কথা বুঝিয়েছেন ?

(A) কুলিদের অপরিচ্ছন্ন বস্তিতে

(B) কয়লা খনির ভিতরে

(C) কয়লা ভরা রেললাইনের ধারে

(D) কয়লা ভরা মালগাড়ির ভিতরে

(vi) ইয়ার্ডে ইয়ার্ডে ভাগ করা জেলখানা।
সেপাই কয়েদিরা ইয়ার্ডকে বলে –

(A) ছোকরা ফাইল

(B) মার্কা কাটা

(C) খাতা

(D) ডিগ্রি বন্ধ

**PART – B : (Descriptive Type Questions) (55 marks)**

**SECTION – A : (Grammar)**

**5.** ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যে কোনো ***একটির*** দুটি উদাহরণসহ সংজ্ঞা লেখো : *(2+2)×1=4*

অভিশ্রুতি অথবা অপিনিহিতি অথবা স্বরভক্তি

**6.** শব্দার্থতত্ত্বের নিম্নলিখিত প্রকার ভেদগুলির যে কোনো ***একটির*** দুটি উদাহরণসহ সংজ্ঞা লেখো : *(2+2)×1=4*

শব্দার্থের উৎকর্ষ অথবা শব্দার্থের সংকোচন

**SECTION – B : (Supplementary Reader/Non-detailed Text)**

**7.** যে কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাও – *2+3=5*

(a) "মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয়"

(i) মৃত্যুঞ্জয় কে ?

(ii) তার বাড়ির অবস্থা শোচনীয় কেন হলো ?

**অথবা (OR)**

(b) "দেখতে-দেখতে প্রচন্ড উত্তেজনা ছড়াল চারদিকে । দোকানগুলোর ঝাঁপ বন্ধ হতে থাকল ।"

(i) কোন প্রসঙ্গে লেখকের এই উক্তি ?

(ii) উত্তেজনার কারণ কী ?

**8.** 'এভাবে দেশের লোককে বাঁচানো যায় না' – কীভাবে বাঁচানো যায় না ? *2*

**9.** (a) "দাঁতগুলো বের করে সে কামটের মতোই হিংস্র ভঙ্গি করে ।"
উক্তিটির মধ্যে দিয়ে বক্তার বক্তব্য বুঝিয়ে দাও । *3*

**অথবা (OR)**

(b) "সবাই চলে আসে সভ্যতার ছোট্ট উনোনের পাশে হাত পা সেঁকে নিতে"
উক্তিটির তাৎপর্য বুঝিয়ে লেখো ।

**10.** প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো : *5*

(a) "সত্য যে কঠিন, কঠিনেরে ভালোবাসিলাম"

**অথবা (OR)**

(b) "শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়"

**11.** (a) "আমার বিবেক, আমার বারুদ বিস্ফোরণের আগে"
এখানে কবির কোন মনোভাবের প্রকাশ ঘটেছে ? *3*

**অথবা (OR)**

(b) "রূপ-নারানের কুলে জেগে উঠিলাম"
জেগে উঠে কবি কী দেখলেন ?

**12.** (a) "জয়তোরণে ঠাসা মহনীয় রোম/বানাল কে" ? *2+3=5*

(i) পাঠ্য কবিতা অনুযায়ী রোমের সুবিখ্যাত শাসক হিসেবে কার নাম পাও ?

(ii) এই পংক্তির মাধ্যমে কবি কোন বিষয়ের প্রতি পাঠককে সচেতন করতে চেয়েছেন ?

**অথবা (OR)**

(b) "বিরাট আর্মাডা যখন ডুবল, স্পেনের ফিলিপ কেঁদেছিল খুব/আর কেউ কাঁদেনি ?"

(i) আর্মাডা কাকে বলে ?

(ii) "আর কেউ" বলতে কোন বিষয়ের দিকে ইঙ্গিত করেছেন কবি ?

**13.** (a) "কিন্তু কার্টেন উঠবেই-শ্মশানঘাট-পরিচিত বন্ধু-বান্ধব, ওপারের দূত উইংসে রেডি" *2+3=5*

(i) কে, কাকে এই কথা বলেছেন ?

(ii) এই 'কার্টেন' ওঠার মাধ্যমে নাট্যকার কোন ইঙ্গিত করতে চেয়েছেন ?

**অথবা (OR)**

(b) "হায় রে প্রতিভা ! কোথায় গেল বলো তো ?"

(i) কে, কাকে এই কথাগুলি বলেছেন ?

(ii) কোন প্রতিভার কথা তিনি উল্লেখ করছেন ?

**14.** (a) "চেংমান বুঝতে পারে এবার সে ইঁদুরকলে পড়েছে" *2+3=5*

(i) চেংমান কে ?

(ii) কেমন ইঁদুর কলে সে পড়ল ?

**অথবা (OR)**

(b) "এদের মধ্যে একজনের নাম মুস্তাফা"

(i) কোন রচনার অংশ ? লেখক মুস্তাফাকে কোথায় দেখলেন ?

(ii) পাঠ্য রচনা অবলম্বনে মুস্তাফার পরিচয় দাও ।

**15.** (a) "বীরসা মুন্ডার বংশধরেরা ভগীরথের মতো মাটির নীচে বয়ে নিয়ে যাবে রক্ত গঙ্গাকে"

এখানে বীরসা মুন্ডার বংশধর বলতে কাদের বুঝিয়েছেন লেখক ? *2*

**অথবা (OR)**

(b) "বাংলাদেশে থাকলেও ওদের আমরা আপন করে নিইনি"

লেখক এখানে কাদের 'আমরা' ও 'ওদের' বলেছেন ?

**SECTION – C : (Creative Writing)**

**16.** নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১ ফেব্রুয়ারি, ২০২৩ : *1+2+3=6*

নিজস্ব সংবাদদাতা : কলকাতা : এ বছরের অর্ধেক সময় তো পেরিয়েই গিয়েছে, হাতে আর সাড়ে পাঁচ বছর । এভাবেই যদি চলে, তবে ২০৩০ সালে নারী-পুরুষ নির্বিশেষে ভারতের প্রায় ৬০% প্রাপ্তবয়স্ক মানুষ নাকি হয়ে দাঁড়াবেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার মাপকাঠিতে শারীরিক ভাবে 'আনফিট', অর্থাৎ অদক্ষ । মেডিক্যাল জার্নাল ল্যানসেট এর সদ্য প্রকাশিত এক রিপোর্ট বলছে, শারীরিক সক্রিয়তা বা দক্ষতা নিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার বেঁধে দেওয়া যে মাপ – সপ্তাহে ১৫০-৩০০ মিনিট মাঝারি মাপের, বা ৭৬ মিনিট জোরদার 'অ্যারোবিক অ্যাক্টিভিটি' বা তার সমতুল্য পরিশ্রম-সারা বিশ্বের প্রায় ১৮০ কোটি প্রাপ্তবয়স্ক মানুষ তা করছেন না । এই যোগ্যতামানের নিরীখে ভারতের চিত্রটি সুবিধার নয় ।

এই পরিসংখ্যান অবশ্যই সমীক্ষা ভিত্তিক । তবে উপরের তথ্য-পরিসংখ্যান দেখে এই প্রশ্ন জাগা অমূলক নয়, ভারতের ক্ষেত্রে সমীক্ষার সিদ্ধান্ত সুষ্ঠু ভাবে পরীক্ষিত তো ? বিশ্বের সবচেয়ে জনবহুল দেশ ভারতে প্রাপ্তবয়স্ক নাগরিকদের সংখ্যাও বিপুল, এবং গ্রামে বসবাস করা প্রাপ্তবয়স্ক, কিংবা কৃষিকাজ বা কলকারখানায় কায়িক পরিশ্রমে জীবিকা নির্বাহ করেন এমন প্রাপ্তবয়স্কের সংখ্যাটি এই একুশ শতকেও বিরাট । বিশ্ব স্বাস্থ্য সংস্থার বেঁধে দেওয়া শারীরিক সক্রিয়তার যোগ্যতামানে এঁরা অকৃতকার্য হবেন তা বিশ্বাস করতে কষ্ট হয়, বরং শহরের প্রাপ্তবয়স্ক ও তাঁদের ও মধ্যে বিশেষ করে বয়স্ক নাগরিকদের জীবনে শারীরিক সক্রিয়তা যে তুলনায় অনেক কম তা সহজেই বলা যায় : চিকিৎসক ও জনস্বাস্থ্য-বিশেষজ্ঞরাও বলেছেন, এক জায়গায় বসে টানা কাজ করা, শরীরের অঙ্গপ্রত্যঙ্গ নিয়মিত সঞ্চালনার অভাব ইত্যাদি ডেকে আনছে শরীরের জড়তা ও আলস্য, তাই ক্রমে রূপ নিছে শারীরিক অদক্ষতায়, পরিণতি নানা রোগ-অসুখ ।

লক্ষণীয়, ল্যানসেট-এর সমীক্ষা এসে থেমেছে ২০২১-এ, অতিমারি পেরিয়ে থিতু হওয়ার বছরে । কোভিডের কারণে মানুষের স্বাস্থ্যে নানা শারীরিক মানসিক প্রভাব পড়েছে, গবেষণা চলছে তা নিয়ে । কিন্তু ভারতে জনস্বাস্থ্য-বিশেষজ্ঞরা বলেছেন, মানুষের কোভিড-উত্তর শারীরিক অদক্ষতা সামাজিক ভাবে দৃশ্যমান : ব্যায়াম ইত্যাদি দূরস্থান, ন্যূনতম কায়িক শ্রম থেকেও মুখ ঘুরিয়ে নিয়েছেন বহু প্রাপ্তবয়স্ক মানুষ । অথচ কোভিড যেখানে স্বাস্থ্যের গুরুত্ব মর্মে মর্মে বুঝিয়ে দিয়ে গেল, সেখানে দরকার ছিল নিজেদের শরীরের যত্ন নেওয়া, শরীর যাতে সক্রিয় ও সুস্থ থাকে তা নিয়ে সচেতন হওয়া । এই একুশ শতকেও ভারতে নাগরিকের সরকারি স্বাস্থ্যবিমা-সহ নানা সুযোগ-সুবিধার চিত্রটি সমস্যাবহুল, নাগরিকের নিজস্ব সঞ্চয়ই হাতের পাঁচ, এই সবই নাগরিকদের জানা, তারপরেও যদি তাঁরা শরীর ভালো রাখার গোড়ার পদক্ষেপগুলি না নেন, তা হবে আত্মঘাতের শামিল ।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

(b) সমীক্ষার সিদ্ধান্ত ঠিক কিনা এ বিষয়ে লেখকের মতামত কী ?

(c) তিনটি বাক্যে বিষয়টির ওপর আলোকপাত করো।

**17.** (a) তোমার পাড়ায় একটি খেলাধুলোর সামগ্রীর দোকানের উদ্বোধন হতে চলেছে এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি করো। (৫০টি শব্দের মধ্যে) *6*

**অথবা (OR)**

(b) গ্রীষ্মের ছুটিতে সাঁতরের কোচিং ক্লাস শুরু হতে চলেছে। এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি করো।

[বি.দ্র. : বিজ্ঞাপন রচনায় প্রয়োজন হলে কাল্পনিক ব্যক্তি-নাম, স্থান-নাম ও প্রতিষ্ঠানের নাম ব্যবহার করতে হবে। নিজের নাম, ঠিকানা, বিদ্যালয়ের নাম উল্লেখিত হলে উত্তর অযোগ্য বিবেচিত হবে।]